

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱো
প্রবাসী কল্যাণ ভবন
ইন্ডিপেন্ডেন্স এভেনিউ, রমনা, ঢাকা।

www.bmet.gov.bd

নং: ৪৯.০১.০০০০২০.৩১.৭০০.১৫.১০০

তারিখ: ২১/০৫/১৫

বিষয়: মহিলা গৃহকর্মী প্রেরণের নিমিত্ত সৌন্দি আরবস্থ মোসানেদে কর্মীর নাম নিবন্ধনকরণ প্রসঙ্গে।

সূত্র: ৪৯.০১.০০০০.০২০.৩১.৭০০.১৫.১৯৭৯, তারিখ: ১৮/৫/২০১৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিথেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌন্দি আরবে সম্পূর্ণ বিনা খরচে গৃহকর্মী পেশায় মহিলা গৃহকর্মী নিয়োগের লক্ষ্যে আগামী ২৪/০৫/২০১৫ খ্রি: তারিখ হতে ৩০/০৫/২০১৫ পর্যন্ত মহিলা গৃহকর্মী বাছাই করণের জন্য সুত্রোক্ত পত্রে রিক্রুটিং এজেন্সিসমূহকে জেলাওয়ারি দায়িত্ব প্রদান করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত রিক্রুটিং এজেন্সিকে নিজ উদ্যোগ ও প্রচেষ্টায় সৌন্দি আরবগামী মহিলা কর্মী সংগ্রহপূর্বক স্ব-স্ব রিক্রুটিং এজেন্সির অনুকূলে মোসানেদ এর (www.musaned.alkawader.com) ওয়েবসাইটে সরাসরি নাম নিবন্ধন করতে হবে। রিক্রুটিং এজেন্সির সংগ্রহের বাহিরে যে সকল মহিলা কর্মী ডিইএমও/ টিটিসিতে নাম নিবন্ধনের জন্য আসবে, সে সকল মহিলা কর্মীর নাম মোসানেদে নিবন্ধনের জন্য বিএমইটি'র পক্ষে একটি ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করা হচ্ছে। উক্ত ইউজারনেম ও পাসওয়ার্ড জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ও সংশ্লিষ্ট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অফিসিয়াল ওয়েবমেইলে প্রেরণ করা হয়েছে।

এমতবাস্থায়, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ও সংশ্লিষ্ট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে সরাসরি আগত সৌন্দি আরবগামী মহিলাকর্মীদের নাম নিবন্ধনের নিমিত্ত উক্ত ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ তাজুল ইসলাম)
উপ-সচিব
পরিচালক (কর্মসংস্থান)

বিতরণ: কার্যালয়ে

- ১। অধ্যক্ষ, বিআইএমটি/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র,
- ২। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।

সদয় জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান/প্রশিক্ষণ), বিএমইটি, ঢাকা।
- ২। পরিচালক (বহির্গমন/প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ), বিএমইটি, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।


২১/০৫/১৫